গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nanl.gov.bd

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০১১.২৯.০০১.১৮.২৭ তারিখ: ১২ বৈশাখ ১৪২৬
২৫ এপ্রিল ২০১৯

বিষয়: **গ্রন্থ প্রকাশনায় ISBN ব্যবহার শীর্ষক সেমিনার ও স্টেকহোল্ডার সভা।**

"ISBN ও Barcode সেবা ডিজিটাল ও অনলাইনকরণ" শীর্ষক সেমিনার আগামী ০৪/০৫/২০১৯ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় জাতীয় আরকাইভস ভবনের (২য় তলায়) সভা কক্ষে অনুষ্ঠিত হবে। টেলিটক বাংলাদেশ লি: এর সার্ভিস অপারেশন বিভাগের জনাব এ বি এম মামুন, এসিসট্যান্ট ম্যানেজার (ভেল্যু এডেড সার্ভিসেস), সেমিনারের বিষয়বস্তু উপস্থাপন করবেন। একই সাথে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে স্টেকহোল্ডার সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সৃজনশীল প্রকাশনায় সংশ্লিষ্ট ২০ জন প্রকাশকসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

২৮-৪-২০১৯
দিলীপ কুমার সাহা
মহাপরিচালক
ফোন: ৯১৩৫৭০৯
ফ্যাক্স: ৫৮১৫৩৬৭১
ইমেইল: dg@nanl.gov.bd

বিতরণ :
১) জনাব ফরিদ আহমেদ , সভাপতি, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি পল্টন টাওয়ার (৮ম তলা), স্যুট#৭০৫, ৮৭ পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০।
২) দৃষ্টি আকর্ষণে: জনাব খান মাহবুব , সহ-সভাপতি, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি।
৩) জনাব এবিএম মামুন, এসিসট্যান্ট ম্যানেজার (ভেল্যু এডেড সার্ভিসেস) , সার্ভিস অপারেশন, টেলিটক বাংলাদেশ লিমিটেড।

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০১১.২৯.০০১.১৮.২৭/১(৭) তারিখ: ১২ বৈশাখ ১৪২৬
২৫ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব (ভারপ্রাপ্ত), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
২) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, হোল্ডিং-৩/এ, ৫/এ, ৭/এ;

রোড-১৭,গুলশান-১, ঢাকা।
৩) পরিচালক (আরকাইভস), পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৪) পরিচালক (লাইব্রেরি), পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৫) জেনারেল ম্যানেজার, মার্কেটিং এন্ড সেলস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রোড-১৭,গুলশান-১, ঢাকা। (দুই জন প্রতিনিধি প্রেরণের অনুরোধ করা হলো)
৬) প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৭) বিবলিওগ্রাফার, বিবলিওগ্রাফি (সংকলন) , আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

২৮-৪-২০১৯
মোঃ জামাল উদ্দিন
চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

## গ্রন্থ প্রকাশনায় ISBN ব্যবহার শীর্ষক সেমিনার ও শুদ্ধাচার বিষয়ক স্টেকহোল্ডার সেবা ডিজিটাল ও অনলাইনকরণ সভার কার্যবিবরণি

| | |
|---|---|
| সভাপতি | দিলীপ কুমার সাহা<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ০৪ মে ২০১৯ |
| সভার সময় | সকাল; ১১.০০ ঘটিকা |
| স্থান | সভাকক্ষ, জাতীয় আরকাইভস ভবন |
| উপস্থিতি | ১। জনাব খান মাহবুব, সহসভাপতি, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি, ২। জনাব কমলকান্তি দাস, পরিচালক(কপিরাইট),বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি, ৩। জনাব মো: শিহাবুল ইসলাম, প্রকাশক, মুক্তচিন্তা, ৪। জনাব মো: মহসিন, স্বত্ত্বাধিকারী, মেরিট ফেয়ার প্রকাশন, ৫। জনাব সঞ্জয় মজুমদার, মূর্ধণ্য, ৬। জনাব আনোয়ার হোসেন খন্দকার, রাত্রী প্রকাশনী, ৭। জনাব সুশোভন ইফতেখার, ধ্রুপদ সাহিত্যাঙ্গন, ৮। জনাব মাশফিকুল্লাহ তন্ময়, প্রকাশক, স্টুডেন্ট ওয়েজ, ৯। জনাব মো: মাজেদুল ইসলাম, প্রকাশক, জয়তী, ১০। জনাব মো: ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা, ১১। জনাব মো: হারিছ সরকার, প্রোগ্রামার, ১২। জনাব মো: মিজানুর রহমান, মাইক্রোফিল্ম অফিসার, ১৩। জনাব মো: আবু দাউদ, বিবলিওগ্রাফার, ১৪। জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার, ১৫। জনাব মো: নাজমুস শাহাদৎ, সহকারি গ্রন্থাগার পরিচালক, ১৬। জনাব মো: জামাল উদ্দিন চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক(চ.দা.), ১৬। জনাব তাহমিনা আক্তার, উপরিচালক(আ.) চ.দা., ১৮। অধ্যাপক মু. মেজবাহ উল ইসলাম, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢা.বি., ১৯। ড. এ.কে.এম জসীম উদ্দীন, ইতিহাস বিভাগ, জা.বি., ২০। অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম, ইতিহাস বিভাগ, জ.বি.,২১। অধ্যাপক ড. মেসবাহ কামাল, ইতিহাস বিভাগ, ঢা.বি., ২২। জনাব মো: সুজায়েত উল্যা, পরিচালক, আ.গ্র.অধি.। |

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চ.দা.) জনাব মো: জামাল উদ্দিন ISBN সেবা অনলাইনকরণের বিভিন্ন দিক যেমন- ফি প্রদান, সহজেই ISBN গ্রহন ও বইয়ের তথ্য সফটওয়্যারে এন্ট্রি দেয়া ইত্যাদি বিষয়ে উপস্থাপনা করেন। এরপর টেলিটক প্রতিনিধি জনাব এ বি এম মামুন- ISBN কোড , পরিসংখ্যানিক ছক, প্রকাশনার ক্যাটাগরী যেমন প্রকাশকের নাম, পঞ্জিকা বছরভিত্তিক প্রকাশনা, প্রকাশনার বিষয়, অনলাইন ফরম পূরণ ইত্যাদি বিষয় উপস্থাপন করেন।

মূর্ধণ্য এর স্বত্ত্বাধিকারী বলেন যে, তারা রকমারি ডট কম এর সাথে আলাপ করে তাদের বইয়ের প্রচারের জন্য এ পর্যন্ত প্রকাশিত বইগুলো এন্ট্রি দিয়েছেন। তিনি এ সিষ্টেম প্রসঙ্গে পূর্বে প্রকাশিত বইগুলো যেন এন্ট্রির সুযোগ রাখার অনুরোধ জানান। প্রকাশক জনাব কমলকান্তি দাস বলেন, ISBN নেয়ার সময় সফট কপি জমা দেয়া হলে একজনের পাণ্ডুলিপি যে অন্যজনের নামে ছাপাতে পারে তাই সফট কপি জমা না দিয়ে যাতে ISBN নেয়া যায় তার ব্যবস্থা রাখার অনুরোধ করেন। জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সহ-সভাপতি জনাব খান মাহবুব পাণ্ডুলিপি জমা না দিয়ে শুধুমাত্র বইয়ের প্রাথমিক কন্টেন্ট বা সংক্ষিপ্ত বর্ণনা জমার মাধ্যমে যাতে সহজেই ISBN গ্রহণ করা যায় তার ব্যবস্থা রাখার জন্য অনুরোধ জানান।

এ অধিদপ্তরের মহাপরিচালক জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী, প্রকাশক, পাঠক/গবেষকদের নিয়ে স্টেকহোল্ডার সভায় শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়ে আলোচনা করেন। স্টেকহোল্ডার সভায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গবেষক, প্রকাশকগণ ও অধিদপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উপস্থিত অংশীজনের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. মু. মেজবা-উল ইসলাম বলেন, তৃণমূল পর্যায়ে অধিদপ্তরের প্রচার-প্রচারণা বৃদ্ধি করা, ওরাল আরকাইভস করা, সেবাদানের ক্ষেত্রে আরও বেশি শুদ্ধাচারী মনোভাব প্রদর্শন করা আবশ্যক এবং পাঠক ও গবেষক তথা সেবাপ্রত্যাশীদের আকৃষ্টকরনের জন্য নতুন নতুন কর্মসূচি গ্রহণ করা অপরিহার্য মর্মে মত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

সিদ্ধান্ত-০১ : ISBN এর জন্য একটি অনলাইন আবেদন ফরম তৈরি করা।
সিদ্ধান্ত-০২ : পূর্বের বইগুলো ইনপুটের সুযোগ রাখা এবং প্রকাশকগণ বই প্রকাশের পূর্বে তথ্য আপলোড করবেন।

সিদ্ধান্ত-০৩ : পূর্বের কোড ও বর্তমান কোডের মধ্যে সমন্বয় সাধন করা।
সিদ্ধান্ত-০৪ : চূড়ান্তকরণের পূর্বে ডেমো তৈরি করে প্রদর্শনের ব্যবস্থা করা।
সিদ্ধান্ত-০৫ : পাণ্ডুলিপি জমা ছাড়া শুধুমাত্র বইয়ের প্রাথমিক কন্টেন্ট বা সংক্ষিপ্ত বর্ণনা জমা দিয়ে ISBN প্রদান করা।
সিদ্ধান্ত-০৬ : ISBN যুগোপযোগি ও Accessible করা।
সিদ্ধান্ত-০৭ : পাঠক/গবেষক ও সেবাপ্রত্যাশীদের আকৃষ্টকরনের জন্য নতুন নতুন কর্মসূচি গ্রহণ করা।
সিদ্ধান্ত-০৮ : অধিদপ্তরের প্রচারণা বৃদ্ধির জন্য অধিক সংখ্যক মতবিনিময় সভা, সেমিনার ও কর্মশালার আয়োজন করা।
সিদ্ধান্ত-০৯ : সেবাদানের ক্ষেত্রে আরও বেশি সহনশীল আচরণ/মনোভাব প্রদর্শন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

দিলীপ কুমার সাহা
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০১১.২৯.০০১.১৮.২৮

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৬
২১ মে ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) পরিচালক, পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।
২) ড. মেসবাহ কামাল, অধ্যাপক, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩) ড. মু. মেজবাহ উল ইসলাম, অধ্যাপক, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪) ড. মোহাম্মদ সেলিম, অধ্যাপক, ইতিহাস বিভাগ, জগন্নাথ বিশ্বিবিদ্যালয়।
৫) ড. এ.কে.এম জসীম উদ্দীন, অধ্যাপক, ইতিহাস বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।
৬) জনাব খান মাহবুবুল আলম, সহ-সভাপতি, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি।
৭) জনাব কমলকান্তি দাস, পরিচালক, কপিরাইট, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি।
৮) জনাব মো: শিহাবুল ইসলাম, প্রকাশক, মুক্তচিন্তা, কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা-১২০৫।
৯) জনাব সঞ্জয় মজুমদার, প্রকাশক, মূর্ধন্য, ৪১, কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা-১২০৫।
১০) জনাব মো: মাশফিক উল্লাহ তন্ময়, প্রকাশক, স্টুডেন্ট ওয়েজ , ৯, পি.কে. রায় রোড, বাংলাবাজার-১১০০।
১১) জনাব মো: মহসিন, প্রকাশক, মেরিট ফেয়ার প্রকাশন, ১২, বাংলাবাজার, ঢাকা-১১০০।
১২) জনাব আনোয়ার হোসেন খন্দকার, প্রকাশক, রাত্রী প্রকাশনী , ১১/১ ইসলামী টাওয়ার, বাংলাবাজার, ঢাকা-১১০০।
১৩) জনাব সুশোভন ইফতেখার, প্রকাশক, ধ্রুপদ সাহিত্যাঙ্গন, ৪৬, বাংলাবাজার, ঢাকা-১১০০।
১৪) জনাব মো: মাজেদুল ইসলাম, প্রকাশক, জয়তী, ৬৮,কনকর্ড এম্পোরিয়াম ২৫৩-২৫৪ কুদরত-ই-খুদা রোড, কাঁটাবন, ঢাকা-১২০৫।
১৫) এবিএম মামুন, টেলিটক প্রতিনিধি, টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা।
১৬) সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
১৭) সাটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, মহাপরিচালকের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।

মোঃ জামাল উদ্দিন
চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব)